

2 0 1 8 (S1)

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

ক—বিভাগ এবং খ—বিভাগ-এর যে কোনো একটি বিভাগ-এর  
উত্তর করতে হবে।

ক—বিভাগ

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১×৭=৭

- (ক) 'চর্যাপদ'-এর ভাষাকে কোন্ নামে অভিহিত করা হয় ?
- (খ) বাংলা সাহিত্যের মধ্যযুগের প্রথম গ্রন্থ কোনটি ?
- (গ) কাকে 'মৈথিল কোকিল' বলা হয় ?
- (ঘ) কৃষ্ণিবাসের জন্মস্থান কোথায় ?
- (ঙ) 'গীতগোবিন্দ' গ্রন্থটি কার রচিত ?
- (চ) কাশীরাম দাসের পিতৃভূমি কোথায় ছিল ?
- (ছ) চৈতন্যদেবের অন্যতম পার্শ্বদের নাম লেখো।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) 'চর্যাপদ'-এর যে কোনো দুজন কবির নাম লেখো।
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর খণ্ড সংখ্যা কয়টি? শেষ খণ্ডটির নাম কী?
- (গ) যে কোনো দুটি চৈতন্যজীবনীগ্রন্থের নাম লেখো।
- (ঘ) কবি ভারতচন্দ্র কোন্ শতকের কবি? তাঁর রচিত কাব্যটির নামোল্লেখ করো।

৩। টীকা লেখো (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

জয়দেব, তুর্কি আক্রমণ, ষড়গোস্বামী, খেতুরী মহোৎসব,  
কেতকাদাস ক্ষেমানন্দ।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি  
প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) প্রাচীন বাংলা ভাষার একমাত্র সাহিত্যিক নিদর্শন হিসেবে 'চর্যাপদ'-এর মূল্যায়ন করো।
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির রচনাকাল, আবিষ্কার, প্রকাশকাল এবং কাব্যবৈশিষ্ট্যের উপর আলোকপাত করো।
- (গ) বাংলাদেশের বৈষ্ণব পদসাহিত্যের উন্মেষপর্বে কবি বিদ্যাপতির ভূমিকা নিয়ে আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) জীবনীকাব্যের রচনাকার হিসেবে বৃন্দাবনদাসের কৃতিত্বের পরিচয় দাও ।
- (খ) কবি মুকুন্দরাম চক্রবর্তীর কাব্য ও কাব্যপ্রতিভা নিয়ে বিস্তারিত আলোচনা করো ।
- (গ) কাশীরাম দাসের কাব্যপ্রতিভা নিয়ে একটি জ্ঞানগর্ভ আলোচনা প্রস্তুত করো ।

খ—বিভাগ

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১×৭=৭

- (ক) 'বেনের মেয়ে' উপন্যাসের রচনাকার কে ?
- (খ) 'নালিতা শাক' বলতে কোন্ শাকের কথা বলা হয়েছে ?
- (গ) 'অর্থশাস্ত্র' কার লেখা ?
- (ঘ) নীহাররঞ্জন রায়ের লেখা ইতিহাস গ্রন্থটির নাম কী ?
- (ঙ) সারনাথে কোন্ শিল্প-কলার প্রধান কেন্দ্র ছিল ?
- (চ) শ্রীধর্মপাল মহাবিহার কোথায় অবস্থিত ?
- (ছ) ভট্ট ভবদেব কে ছিলেন ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) রাখালদাস বন্দ্যোপাধ্যায় রচিত দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।
- (খ) উচ্চকোটি লোকদের অন্যতম প্রিয় ভক্ষ্য-দ্রব্য কী কী ছিল ?
- (গ) উচ্চকোটির বিবাহভোজে যে অন্ন পরিবেশন করা হতো তার বিবরণ কোন্ গ্রন্থে এবং কার বিবাহভোজের বর্ণনায় পাওয়া যায় ?
- (ঘ) “এই লোকায়ত সঙ্গীতকেই রবীন্দ্রনাথ তাঁহার অসংখ্য গানে উচ্চস্তরে সাঙ্গীতিক মর্যাদা দান করিয়াছেন।” এখানে কোন্ কোন্ লোকায়ত সঙ্গীতের কথা বলা হয়েছে, লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

- (ক) প্রাচীন বাঙালির সামাজিক ভোজে অথবা বিবাহভোজে কী ধরনের আহারাদির আয়োজন হতো, আলোচনা করো।
- (খ) প্রাচীন বাঙালির শিকার ও অন্যান্য শরীর-ক্রিয়া, গৃহকীড়া সম্পর্কে যা জান, লেখো।
- (গ) প্রকৃত বাঙালির যানবাহন ও নৌযান সম্পর্কে যা জান, লেখো।
- (ঘ) গো-যান, হস্তী ও অশ্বযান সম্পর্কে লেখক কী বলেছেন, বর্ণনা করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) প্রাচীন বাংলার নগর ও পল্লীবাসী নারীসমাজ সম্পর্কে লেখক কী ধরনের তথ্য তুলে ধরেছেন, লেখো।
- (খ) লোকায়ত মৃৎশিল্প কি? লোকায়ত মৃৎশিল্প সম্পর্কে যা জান, লেখো।
- (গ) বাঙালির ব্যবহারিক, সাংস্কৃতিক ও দৈনন্দিন জীবনের নির্ভরযোগ্য উপাদান কোথায় কোথায় পাওয়া যায়, আলোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) বাংলার সর্বপ্রাচীন স্তূপ কোথায় দেখতে পাওয়া যায়? বাংলার বিভিন্ন স্থানে প্রাপ্ত নিবেদন স্তূপ সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।
- (খ) ব্রহ্মদেশের রাজধানী কোথায়? সেখানকার স্তূপের সমৃদ্ধি ও ঐশ্বর্য সম্পর্কে লেখক কী বলেছেন, আলোচনা করো।
- (গ) ধর্মপাল বিহারটির নকশা ও আকৃতি কেমন ছিল, আলোচনা করো।

★ ★ ★